

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়  
১৫, কলেজ রোড, ঢাকা।  
[www.bjsc.gov.bd](http://www.bjsc.gov.bd)

নং-১০.০৩.০০০০.০০১.১১.০১২.১৬-৭৭৫

তারিখঃ ৩১/১২/২০১৭ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের নিম্নলিখিত শূন্য পদগুলি পূরণার্থে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা
১।	ক্যাশিয়ার	০১টি	১০,২০০-২৪,৬৮০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
২।	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১টি	৯,৩০০-২২,৪৯০/-	উচ্চ মাধ্যমিক অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির গতি বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ থাকতে হবে।

শর্তাবলিঃ

- ১। “সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০” বরাবর আগামী ৩১/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।
- ২। আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৯/১২/২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে জারীকৃত চাকরির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র নিজ হাতে পূরণ করে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে। আবেদন ফরমের নমুনা কমিশন সচিবালয়ের ওয়েবসাইট [www.bjsc.gov.bd](http://www.bjsc.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) তে পাওয়া যাবে।
- ৩। প্রার্থীর ছবি, পরীক্ষার ফি বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ব্যতীত অন্য কোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণপত্রের মূলকপি ও একসেট অনুলিপি (১ম শ্রেণীর সরকারী গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবিসহ সিল থাকতে হবে।
- ৪। ৩১/০১/২০১৮ খ্রিঃ তারিখে দরখাস্তকারীর বয়স ৩০ বছরের বেশি হবে না। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৫। সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। দরখাস্তের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে “সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়” বরাবরে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
- ৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় এ বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। চাকুরীরত প্রার্থীদের দরখাস্ত বিভাগীয় কর্তৃপক্ষের মাধ্যমে চাকুরীর বর্তমান পদ ও প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ৯। খামের উপর আবেদনকৃত পদের নাম, কোটার ক্ষেত্রে কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা উৎকর্ষের ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় আহ্বানের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১২। বিধি মোতাবেক সকল ধরণের কোটা সংরক্ষণ করা হবে।
- ১৩। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ, বাতিল এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
৩১/১২/২০১৭

(শাহরিয়ার কবির)

উপ-সচিব

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়